মুজিবনগরে ১৫ ই আগষ্ট শহীদের উৎসর্গ করে বিভিন্ন সামগ্রী বিতরণ

২০২০-২১ অর্থবছরে এলজিএসপি-৩ এর আওতায় ১৫ আগস্ট সকল শহীদদের উৎসর্গ করে বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন বিদ্যালয়, ক্লাব ও ব্যাক্তিদের মাঝে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উপর লেখা বিভিন্ন বই, সিলিং ফ্যান ও অক্সিমিটার বিতরণ করা হয়েছে। সামগ্রী বিতরণ উপলক্ষে বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে বাগোয়ান ইউনিয়ন পরিষদ হল রুমে এক অনুষ্ঠানের আয়োজন,
মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর স্থানীয় সরকার শাখার উপ-পরিচালক, মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার
সুজন সরকার , ডিএফ (এলজিএসপি-৩),
সরোয়ার হোসেন,

প্রধান অতিথি মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম ত তার বক্তব্যে বলেন এলজিএসপি-৩ এর আওতায় রাস্তানির্মাণ, শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় উপাসনালয়ে সিলিং ফ্যান, ৩নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের প্রাচীর ও দৃষ্টিনন্দন গেট স্থাপিত হয়েছে এবং বিদ্যালয়ের শিক্ষক মন্ডলী, ইউপি সদস্য, শিক্ষার্থী সহ অনুষ্ঠানে উপস্থিত সকলকে এলজিএসপি-৩ এর আওতাধীন কার্যপ্রণালী সম্পর্কে অবহিত করেন তিনি।
এ সময়
২০২০-২১ অর্থবছরে এলজিএসপি-৩ এর আওতায় ৩নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের বিভিন্ন বিদ্যালয়, ক্লাব ও ব্যাক্তিদের মাঝে বঙ্গবন্ধু নিজের লেখা দুটি বই, ২০০টি
বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্নজীবনী এবং১০০টি কারাগারের রোজনামচা বই বিতরণ করা হয় তাছাড়া ৫৪ টি
সিলিং ফ্যান ও ১৫০ টি অক্সিমিটার বিতরণ করা হয়।

মেহেরপুরের মেয়ে জারিনের কৃতিত্ব

রাজধানীর ক্যান্টনমেন্ট শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজের অক্সো-টেক্স গ্রুপ প্রেজেন্টেশন এসএজিসি ৫ম বিজ্ঞান উৎসব ২০২০-২১ জুনিয়র বিভাগে ছবি আঁকায় প্রথম স্থান অর্জন করেছে জারিন তাসনিম।
জারিন তাসনিম শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজের ৯ম শ্রেণীর ছাত্রী। সে মেহেরপুর সদর উপজেলার খন্দকারপাড়ার এম এম নুর ইসলামের মেয়ে। জারিন তাসনিম এম এম নুর ইসলাম ও মনিরা খানমের দুই সন্তানের মধ্যে বড়।
জারিনের বাবা এম এম নুরুল ইসলাম জানান, অক্সো-টেক্স গ্রুপ প্রেজেন্টেশন এসএজিসি ৫ম বিজ্ঞান উৎসব ২০২০-২১ প্রতিযোগীতায় অনলাইনে অংশ নেয়। সে অনলাইনে ছবি এঁকে কলেজে জমা দেয়। সকল প্রতিযোগীদের পেছনের ফেলে প্রথম স্থান অর্জন করেছে।

ঝিনাইদহে ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন ও পরিচ্ছন্ন কর্মসূচী

ঝিনাইদহে মহামারি করোনার মধ্যে ডেঙ্গুর প্রকোপ প্রতিরোধে মশক নিধন কর্মসূচী শুরু করেছে পৌরকর্তৃপক্ষ। বুধবার সকালে শহরের নতুন হাটখোলা, এইচ এসএস সড়ক, পায়রা চত্বরসহ বিভিন্ন স্থানে ফগার মেশিন দিয়ে ঔষধ ছেটানো হয়। এছাড়াও পরিচ্ছন্ন কর্মসূচী পালন করা হয়।

এসময় সদর পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সহ-সভাপতি আল ইমরানসহ পৌরসভার কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু জানান, পৌরসভা এলাকায় ডেঙ্গুর প্রকোপ রোধে বিভিন্ন ওয়ার্ডে ওয়ার্ডে ঔষধ ছেটানো হচ্ছে। সেই সাথে জেলা ছাত্রলীগের সহায়তায় পরিচ্ছন্ন অভিযানও চালানো হচ্ছে। জাতির পিতার ৪৬ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ৪৬ দিন এ পরিচ্ছন্ন অভিযান ও মশক নিধন অভিযান চালানো হবে।

নির্মাণের ১৬ বছরেও চালু হয়নি বিদ্যালয়

মামলা জটিলতায় এখনো আলোর মুখ দেখতে পারেনি প্রায় কোটি টাকা ব্যায়ে নির্মিত মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়। রশিকপুরসহ আশেপাশের গ্রামের প্রায় তিন শতাধিক শিক্ষার্থীকে লেখাপড়া করতে যেতে হয় দূরের বিভিন্ন বিদ্যালয়ে। ১৫ বছর আগে নির্মাণ সম্পন্ন হলেও চালু না হওয়ায় বিদ্যালয়ের আসবাব পত্র চুরি হয়েছে, বিদ্যালয়ে ভবনের ভিতরে রাতের আধারে বসে মাদকের আড্ডা।
শিক্ষাক্ষেত্রে পিছিয়ে পড়া গ্রাম মেহেরপুর মুজিবনগর উপজেলার রশিকপুর। রশিকপুর থেকে ৫ কিলোমিটার চুয়াডাঙ্গার নাটুদহ মাধ্যমিক বিদ্যালয়. ভৈরব পার হয়ে দুই কিলোমিটার বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয় এবং ৩ কিলোমিটার দূরে টেংরামারি মাধ্যমিক বিদ্যালয়। অথচ নিজ গ্রামেই দ্বিতল ভবনের একটি বিদ্যালয় দাঁড়িয়ে আছে।
জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সূত্রে জানা গেছে, ২০০৩ সালে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইমপ্রুভমেন্ট প্রজেক্টের আওতায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ৮৭ লাখ টাকা ব্যয়ে তিন বিঘারও বেশি জমিতে নির্মাণ করে বিদ্যালয়ের ভবন। বিদ্যালয়টির নাম দেওয়া হয় রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়। ২০০৩ সালে দেশের ৫৪টি উপজেলায় এ প্রকল্পের আওতায় ৫৪টি বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। এর মধ্যে রশিকপুর ব্যতিত বাকি ৫৩টি বিদ্যালয় এমপিওভুক্ত হয়েছে।
জানা গেছে, বিদ্যালয়টি করার জন্য স্থানীয় সুলতান শেখ তার স্ত্রী আম্মাতন নেছার নামীয় তিন বিঘা ৫কাঠা, আমির শেখ ১০ কাঠা এবং রতন শেখ ১০ কাঠা জমি দিয়েছিলেন। আম্মাতন নেছার তিন বিঘা জমির পরিবর্তে আবাদি পাঁচ বিঘা জমি দেওয়ার কথা ছিল। কিন্তু তৎকালীন

এবং শিক্ষা বিভাগ আইনই প্রক্রিয়া শুরু করেছে। এছাড়া জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নির্দেশনা আছে সকল জটিলতা নিরসনের মাধ্যমে স্কুলটি দ্রুততম সময়ে যাতে চালু করা যায় তার ব্যবস্থা করতে।’

সাংবাদিক ডালিমের উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মুজিবনগরে সাংবাদিকদের মানববন্ধন

দৈনিক সময়ের সমীকরণ এর নিজস্ব প্রতিবেদক সোহেল রানার ডালিমের উপর অতর্কিত সন্ত্রাসী হামলার প্রতিবাদে মানববন্ধন করেছে মুজিবনগরের সর্বস্তরের সাংবাদিকবৃন্দ।

মঙ্গলবার বিকাল ৫টায় মুজিবনগর উপজেলা পরিষদের সামনে প্রধান সড়কে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মুজিবনগরের সিনিয়র সাংবাদিক আলহাজ মুন্সী ওমর ফারুকের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন দৈনিক মাথাভাঙ্গা, যায়যায়দিন ও মোহনা টিভির মুজিবনগর প্রতিনিধি শফিউদ্দীন (শেখ সফি), দৈনিক ভোরের কাগজ, আজকের পত্রিকার ও মেহেরপুর নিউজ এর মুজিবনগর প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শের খান) দৈনিক অধিকার জেলা প্রতিনিধি ও দৈনিক মেহেরপুর প্রতিদিন এর মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, দৈনিক সময়ের সমীকরণ ও মেহেরপুরের চোখ এর মুজিবনগর প্রতিনিধি সোহাগ মন্ডল, সাংবাদিক মওলাদ আলী ও সাংবাদিক ডালিম সানোয়ার উপস্থিত ছিলেন মোকাদ্দেস হোসেন, ওয়াজেদ আলী খাঁন প্রমুখ।

কোটচাঁদপুরে গাড়ি থেকে পড়ে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে পিতার মোটরচালিত ভ্যান (করিমন) গাড়ি থেকে পড়ে তন্ময় নামে ৪ বছরের এক শিশু সন্তানের মর্মান্তিক মৃত্য হয়েছে। মঙ্গলবার (১৭ আগষ্ট) বেলা ১২ টার দিকে উপজেলার কুশনা ইউনিয়নের তালশার গ্রামে এদূর্ঘটনা ঘটে।

স্থানীয় প্রতিবেশীরা জানায়, মঙ্গলবার বেলা ১২ টার দিকে শিশুটি তার বাবার মোটরচালিত ভ্যান (করিমন) গাড়িতে বসে কৃষি কাজ করে মাঠ থেকে বাড়িতে ফিরছিল। পথিমধ্যে বাড়ির অদূরেই শিশুটি অসাবধানতাবশত গাড়ি থেকে সড়কের উপর পড়ে যায়। এসময় সে মাথায় গুরতর আঘাত পায়।

স্থানীয়রা তাকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুরে ব্লাক বেঙ্গল ছাগলের মেলার উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান

র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুর উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেরিনারি হাসপালের আয়োজনে ব্লাক বেঙ্গল ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় ছাগলের মেলা এর উদ্বোধনী/সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেরিনারি হাসপাতাল চত্বরে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রাণিসম্পদ অফিসার মোঃ সাইদুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ইয়ারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন। ভেটেরিনারি সার্জন সৈয়দ সাকিবুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ তৌহিদুল ইসলাম।

এর আগে মেহেরপুর প্রাণিসম্পদ অফিস থেকে র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। অনুষ্ঠান পরবর্তীতে এআইএফ-৩ প্রকল্পের আওতায় খামারি জাহিদ হাসান কে গাড়ি প্রদান করা হয়।

মেহেরপুরে ইয়াবাসহ এক যুবক আটক

মেহেরপুর শহরের নতুনপাড়া চুলকানির মোড় এলাকায় অভিযান চালিয়ে মাসুদ পারভেজ (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে ইয়াবাসহ আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

সোমবার সন্ধ্যার দিকে মাসুদ পারভেজ আটক করা হয়। মাসুদ পারভেজ মেহেরপুর শিশুবাগান পাড়ার কামরুল ইসলাম ওরফে খোকন এর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির ইন্সপেক্টর খোন্দকার শাহ আলম এর নেতৃত্বে এসআই রুবেল আহমেদ এএসআই (নি:) আহসান হাবীব সহ সঙ্গীয় নিয়ে মেহেরপুর শহরের নতুনপাড়া চুলকানি মোড় এলাকায় অভিযান চালিয়ে মাসুদ পারভেজ কে গ্রেফতার করে।

এসময় তার কাছ থেকে ১০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও দুটি মামলা বিচারাধীন আছে।

ঝিনাইদহে আ’লীগ এমপি’র মেয়ে নিয়ে লাপাত্তা স্বেচ্ছাসেবক দলের সভাপতি

রাজনীতির মাঠে বিরোধ আছে। আছে আদর্শগত মতপার্থক্য। কিন্তু প্রেম ভালোবাসা মানে না কুটিল রাজনীতি ও আদর্শগত মতপার্থক্যের বেড়াজাল। যুগে যুগে প্রেম অমর অবিনশ্বর। তাইতো প্রেমের টানে ঘর ছেড়েছেন ঝিনাইদহ সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য আ’লীগ নেত্রী খালেদা খানমের মেয়ে সোহেলী আহম্মদ ও জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজেদুর রহমান পপ্পু।

তাদের এই অজানার উদ্দেশ্যে পাড়ি জমানোর খবর ঝিনাইদহ শহরে টক অব দি টাউনে পরিণত হয়েছে। এ ঘটনায় সোহেলীর স্বামী বিল্লাল হোসেন লিটন বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি অপহরণ মামলা দায়ের করেছেন।

জানা যায়, ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের সংসদ সদস্য খালেদা খানম’র মেয়ে সোহেলী আহম্মেদ শহরের ০৩ নং পানির ট্যাংকীপাড়ায় মায়ের বাসায় থাকতেন। প্রতিবেশী ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজেদুর রহমান পপ্পুর সাথে সোহেলীর পরকীয়া প্রেমের সম্পর্ক গড়ে ওঠে।

গত ১১ আগস্ট সন্ধ্যায় তারা অজানার উদ্দেশ্যে পাড়ি জমায়। এ ঘটনার পর সোহেলীর স্বামী বিল্লাল হোসেন লিটন বাদি হয়ে সাজেদুর রহমান পপ্পু ও একই এলাকার তৌফিক হোসেনের নাম উল্লেখ করে ঝিনাইদহ সদর থানায় একটি অপহরণ মামলা দায়ের করেন।

মামলায় উল্লেখ করা হয়, বেশ কয়েকদিন যাবত সোহেলীকে আসামীরা উত্যক্ত করাসহ বিভিন্ন ভাবে প্রলোভন দেখিয়ে আসছিল। ১১ আগস্ট সন্ধ্যায় সোহেলীকে পপ্পু ও তৌফিক অপহরণ করে নিয়ে যায়। এ ব্যাপারে বিল্লাল হোসেন লিটন বলেন, প্রায় এক সপ্তাহ পার হয়ে গেলেও আমার স্ত্রীকে পুলিশ উদ্ধার করতে পারেনি।

সংরক্ষিত মহিলা আসনের এমপি খালেদা খানম বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, তার রানৈতিক প্রতিপক্ষ তার অবস্থান ও সম্মান ক্ষুন্ন করার জন্য মেয়েকে অপহরণ করেছে। তিনি তার মেয়ের জীবন নিয়ে আশংকা প্রকাশ করে আবেগজড়িত কন্ঠে জানান, অপহরণের পর তার মেয়ে

বেঁচে আছে কিনা তা নিয়েও আমি শংকিত। তিনি তার মেয়েকে অক্ষত ভাবে উদ্ধারের দাবী জানিয়েছেন।

ঝিনাইদহ সদর থানার পরিদর্শক (তদন্ত) এমদাদুল হক বলেন, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাদের অবস্থান নিশ্চিত সনাক্ত করার চেষ্টা চলছে। তবে এটি অপহরণ নাকি প্রেমের সম্পর্কের জের ধরে স্বেচ্ছায় বাড়ি ছেড়েছেন তা সোহেলীকে উদ্ধারের পর নিশ্চিত হওয়া যাবে। মামলাটি ঝিনাইদহ সদর থানার এসআই আজিজুল ইসলাম তদন্ত করছেন।

উল্লেখ্য, মহিলা এমপির কন্যা সোহেলীর ১০ বছরের একটি মেয়ে রয়েছে। তিনি সম্প্রতি ঝিনাইদহ সিদ্দিকীয়া আলীয়া মাদ্রাসায় চাকরীও নিয়েছেন। অন্যদিকে সাজেদুর রহমান পপ্পুর স্ত্রী শৈলকুপার একটি ডিগ্রী কলেজের শিক্ষক। এই দম্পত্তির ও সন্তান রয়েছে।

মেহেরপুরে ৯ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ০৯ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ০২ জন, গাংনীতে ০৭ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৪৩ টি। তারমধ্যে ০৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩৩১ জন। তার মধ্যে সদরে ৬২ জন, গাংনীতে ১৯৫ জন এবং মুজিবনগরে ৭৪ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৩ জন । মৃতদের মধ্যে সদরে ৮০ জন, গাংনী ৫৪ জন ও মুজিবনগরে ৩৯ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।